



মানবিক বিবেচনায় স্ত্রী-সন্তান হারানো ছাত্রলীগ নেতা সাদামের জামিন



সংগৃহীত ছবি

স্ত্রী ও নয় মাস বয়সী সন্তান হারানো বাগেরহাট সদর উপজেলার ছাত্রলীগ সভাপতি জুয়েল হাসান সাদামকে মানবিক বিবেচনায় ছয় মাসের জামিন দিয়েছেন হাইকোর্ট।
সোমবার বিচারপতি জে বি এম হাসান ও বিচারপতি আজিজ আহমেদ ভূঞার বেঞ্চ এ আদেশ দেন। তার পক্ষে শুনানি করেন আইনজীবী সাঈদ আহমেদ রাজা।

২৪ জানুয়ারি সন্ধ্যায় যশোর কেন্দ্রীয় কারাগারের ফটকে মাত্র কয়েক মিনিটের জন্য স্ত্রী ও শিশুপুত্রের মরদেহ দেখার সুযোগ পান তিনি। বাগেরহাটে প্যারোলের আবেদন করায় তা মঞ্জুর না হওয়ায় মরদেহ কারাগারেই নেওয়া হয়েছিল।

পুলিশ ও পরিবারের ধারণা, গভীর মানসিক সংকটের মধ্যে সন্তানের মৃত্যুর পর তার স্ত্রী আত্মহত্যা করেন। এই পারিবারিক ট্রাজেডির প্রেক্ষাপট বিবেচনায় আদালত জামিন মঞ্জুর করেন।